

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd



নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০৩.২০১৬.৮৯

তারিখ: ০৩ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ
১৬ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: বিষয়টি অভ্যন্তরীণ নিরীক্ষা শাখার গত ২২.১১.২০২২ ও ৩০.১১.২০২২ তারিখের কার্যবিবরণীর সুপারিশের আলোকে এমপিও বাতিলের বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের(অভ্যন্তরীণ নিরীক্ষা) শাখা এর স্মারক নং-৩৭.০০.০০০০.০৮৭.১৭.০০৩.২১(অংশ-১).১৮, তারিখ: ১৮ জানুয়ারি ২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা গত ২২.১১.২০২২ ও ৩০.১১.২০২২ তারিখের কার্যবিবরণীর নিম্নোক্ত প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের অডিট আপত্তির অর্থ আদায়পূর্বক এমপিও বাতিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছে :

শিক্ষক-কর্মচারীর নাম ও পদবী	প্রতিষ্ঠানের নাম	সভার সুপারিশ/সিদ্ধান্ত
আবু তাহের মো: নুরুজ্জামান, সহকারী প্রধান শিক্ষক	আলতাফনগর খিহালী মোহাম্মদ আলী উচ্চ বিদ্যালয়, দুপচাঁচিয়া, বগুড়া।	২৪.১০.১৯৯৫ তারিখের নীতিমালা মোতাবেক সহকারী প্রধান শিক্ষক হিসেবে কাম্য অভিজ্ঞতা ১২ বছর না থাকায় তার নিয়োগ এবং এমপিও বাতিলসহ ১১.১১.২০০৭ তারিখ থেকে প্রাপ্ত এমপিও এর টাকা ফেরত দেওয়ার সুপারিশ করা হলো।
জনাব মো: নজবুল ইসলাম, সহকারী শিক্ষক	আলতাফনগর খিহালী মোহাম্মদ আলী উচ্চ বিদ্যালয়, দুপচাঁচিয়া, বগুড়া।	২৪.১০.১৯৯৫ তারিখের নীতিমালায় জুনিয়র শিক্ষকের পদ না থাকায় তার নিয়োগ বিধি সম্মত না হওয়ায় এমপিও বাতিল পূর্বক ০১.০২.১৯৯৮ তারিখ হতে ৩০.০৪.২০১৬ তারিখ পর্যন্ত গৃহীত ১৪,৮৯,৫৬৫/- টাকা সরকারি কোষাগারে ফেরত প্রদানের জন্য সুপারিশ করা হলো।
জনাব মোসা: জান্নাতুন নাসরিন, সহকারী শিক্ষিকা (কম্পিউটার)	সৃজনী উচ্চ বিদ্যালয়, সদর, জয়পুরহাট।	জনাব মোসা: জান্নাতুন নাসরিন, সহকারী শিক্ষিকা (কম্পিউটার)। তার সকল তথ্যাদি যাচাই করে প্রতীয়মান হয় যে, নিয়োগকালীন তার কম্পিউটার সনদটি সঠিক নয়, বিধায় এমপিওভুক্তির তারিখ ০১.১২.২০০৫ হতে ৩১.০১.২০১৭ তারিখ পর্যন্ত ৫১০০, ১১০০০, ২২০০০/-টাকা স্কেলে গৃহীত সর্বমোট ১৩,৪৬,৪৬৫/- টাকা সরকারি কোষাগারে ফেরতযোগ্য অথবা তৎপরবর্তী উত্তোলিত বেতন ভাতাও সরকারি কোষাগারে ফেরতসহ এমপিও বাতিলের সুপারিশ করা হলো।

জনাব সাহেরা পারভীন সহকারী শিক্ষক	কায়েতপাড়া মাধ্যমিক বিদ্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।	জনাব সাহেরা পারভীন সহকারী শিক্ষক এর নিয়োগ বিধি সম্মত না হওয়ায় তিনি সরকারি বেতন ভাতাদি প্রাপ্য নহেন। তৎকর্তৃক ০১.০৯.২০০৬ তারিখ হতে ৩০.০৯.২০১৭ তারিখ পর্যন্ত গৃহিত ১২,১০,৭৫০/- টাকা এবং উক্ত তারিখের পরও গৃহিত বেতন ভাতা সরকারি কোষাগারে ফেরত যোগ্য হবে। নিয়োগ বিধি সম্মত না হওয়ায় তার এমপিও বাতিলের সুপারিশ করা হলো।
-------------------------------------	--	---

২.০ এমতাবস্থায়, বর্ণিত শিক্ষকগণের অডিট আপত্তির অর্থ আদায়পূর্বক এমপিও বাতিল করার বিষয়ে
কারণ দর্শানোর জবাব গ্রহণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


 (মো: মিজানুর রহমান)
 উপসচিব

ফোন: ৫৫১০০৫১৭

ই-মেইল: nongovt.secondary.Sec3@shed.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. যুগ্মসচিব, অডিট ও আইন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বগুড়া/জয়পুরহাট/চুয়াডাঙ্গা।
৫. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
৬. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, -----।
৭. জনাব, -----।
৮. অফিস কপি।